


সামাজিক যোগাযোগ মাধ্যমে  
জন-সম্পৃক্ততায় পরিচিত  
বা অপরিচিত অন্যান্য গ্রুপের  
সাথে যোগাযোগের ক্ষেত্রে  
যে সকল বিষয়ে সতর্ক  
থাকা প্রয়োজন



দোস্তু  
তোকে কাল একটা  
গ্রুপের ইনভাটেশন পাঠিয়েছি।  
দেখছিস?

দেখেছি। কিন্তু ঐ গ্রুপে আমি  
অ্যাড হবো না।

কেন?  
গ্রুপে অ্যাড হলে কী হবে?  
আমি তো অনেক গ্রুপে  
অ্যাড আছি তাছাড়া প্রয়োজনীয়  
অনেক পেইজে লাইকও  
দেয়া আছে।

সামাজিক যোগাযোগ মাধ্যম যেমন মানুষের  
জীবন সহজ করেছে তেমনি এই কাজগুলোকে  
ঘিরে প্রতারণার জাল পেতে রাখে অনেকেই।

না বুঝে এসব প্রতারণার ফাঁদে পা দিয়ে আর্থিক  
এবং শারীরিক ক্ষয়ক্ষতির সম্মুখীন হয়।

তাই সামাজিক যোগাযোগ  
মাধ্যমে জন-সম্পৃক্ততায়  
পরিচিত বা অপরিচিত অন্যান্য  
গ্রুপের সাথে যোগাযোগ করার  
ক্ষেত্রে সতর্ক থাকা প্রয়োজন।

তাহলে বল  
কীভাবে সতর্ক  
থাকবো?

শোন যেসব গ্রুপ এডমিন/মডারেটরদের আইডি  
অ্যানোনিমাস টাইপ অর্থাৎ তাদের সম্পর্কে কোনো  
রকম তথ্য আইডি থেকে পাওয়া যায় না সেসব  
গ্রুপ ব্যবহারে সাবধান থাকতে হবে।

তারপর গ্রুপে পোস্টকারী ব্যক্তির সার্ভিস বা যে  
কোনো কাজে যোগাযোগ হয়েছে পূর্বে এমন  
মানুষদের ফিডব্যাক জানার চেষ্টা করতে হবে।

যারা ফিডব্যাক দিচ্ছেন তাদের ফেসবুক  
আইডিও ফেইক কিনা দেখা উচিত।

তারপর ফেসবুক গ্রুপ ব্যবহার  
করে আর্থিক লেনদেনের পূর্বে  
জানাশোনা আছে এমন কারো  
সাথে কথা বলে নেয়া ভালো।

পণ্য ক্রয়ের ক্ষেত্রে অগ্রিম কোনো পেমেন্ট না করে  
শুধু কুরিয়ার সার্ভিস দিয়ে পেমেন্ট করলে ভালো।

